

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ ফাল্গুন ১৪৩২/ ২৪ ফেব্রুয়ারি ২০২৬

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২১.৬২.০০১৪.২৬.৭৫—ড. শেখ আব্দুর রশীদ বাংলাদেশ সরকারের ২৫-তম মন্ত্রিপরিষদ সচিব। সুদীর্ঘ ও বর্ণাঢ্য কর্মময় জীবনে তিনি সরকারের জাতীয় ও নীতি নির্ধারণী বিভিন্ন স্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তিনি বাংলাদেশ সচিবালয় ও মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ে দায়িত্ব পালন করেছেন।

২। ড. শেখ আব্দুর রশীদ গত ১৬ অক্টোবর ২০২৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদ মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব গ্রহণ করেন। এ পদে দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন শপথ অনুষ্ঠান পরিচালনাসহ উপদেষ্টা পরিষদ-বৈঠকে সাচিবিক সহায়তা প্রদান, সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন, তত্ত্বাবধান, সমন্বয় ও পরিবীক্ষণে প্রজ্ঞা ও দূরদর্শিতার স্বাক্ষর রেখেছেন।

৩। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ড. শেখ আব্দুর রশীদ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে উপদেষ্টা পরিষদের ২ ফাল্গুন ১৪৩২/ ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের বৈঠকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

৪। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব

(১৩২৯৭)
মূল্য : টাকা ৪.০০

উপদেষ্টা পরিষদের ধন্যবাদ প্রস্তাব

২ ফাল্গুন ১৪৩২
ঢাকা : ১৫ ফেব্রুয়ারি ২০২৬

ড. শেখ আব্দুর রশীদ বাংলাদেশ সরকারের ২৫-তম মন্ত্রিপরিষদ সচিব। সুদীর্ঘ ও বর্ণাঢ্য কর্মময় জীবনে তিনি সরকারের জাতীয় ও নীতি নির্ধারণী বিভিন্ন স্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তিনি বগুড়া জেলার শেরপুর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার, ফেনী জেলার অতিরিক্ত জেলা প্রশাসক এবং টাঙ্গাইল জেলার জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া, তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিচালক এবং মহাপরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী ও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অনুযায়ী সদস্য হিসেবে দায়িত্বপালন করেছেন। ড. রশীদ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং পরিকল্পনা বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। তিনি পেট্রোবাংলার চেয়ারম্যান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব হিসেবে দায়িত্বপালন করেন। বিগত ফ্যাসিস্ট সরকারের মেয়াদে ড. শেখ আব্দুর রশীদ-কে বেআইনিভাবে বিভাগীয় মামলায় সম্পৃক্ত করে প্রাপ্য পদোন্নতি বঞ্চিত করা হয়েছিল। অন্তর্বর্তীকালীন সরকার তাঁকে যথাযোগ্য মর্যাদায় পর্যায়ক্রমে সচিব, সিনিয়র সচিব এবং মন্ত্রিপরিষদ সচিব পদে নিযুক্ত করে বঞ্চনা নিরসন করেন।

ড. শেখ আব্দুর রশীদ গত ১৬ অক্টোবর ২০২৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদ মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব গ্রহণ করেন। এ পদে দায়িত্বপালনকালে তিনি প্রধান বিচারপতি, উপদেষ্টা পরিষদের সদস্যের শপথ অনুষ্ঠান পরিচালনাসহ উপদেষ্টা পরিষদ-বৈঠকে সার্চিবিক সহায়তা প্রদান, সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন, তত্ত্বাবধান, সমন্বয় ও পরিবীক্ষণে প্রজ্ঞা ও দূরদর্শিতার স্বাক্ষর রেখেছেন। এ পদে কার্যকালে তিনি সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতির সংস্কার, উচ্চ আদালতে সরকারের বিরুদ্ধে চলমান মামলা ব্যবস্থাপনা, মন্ত্রণালয়/বিভাগে গবেষণা কার্যক্রমকে উৎসাহিতকরণ, মাঠপ্রশাসনকে জনবান্ধব ও সরকারি সেবা প্রদানে গতিশীলতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রেখেছেন। আন্তঃমন্ত্রণালয় সমন্বয় বৃদ্ধিতে সচিব-সভা এবং আন্তঃমন্ত্রণালয় বিরোধ নিষ্পত্তিতে ড. রশীদের গৃহীত উদ্যোগ প্রশংসনীয়।

ড. শেখ আব্দুর রশীদ ১৯৫৭ সালের ১৯ মে সাতক্ষীরা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে কৃতিত্বের সাথে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি নেদারল্যান্ডসের দি হেগ শহরে অবস্থিত ইনস্টিটিউট অব সোশ্যাল স্টাডিজ হতে পাবলিক পলিসি অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশনে এম.এ. ডিগ্রি লাভ করেন। তিনি ২০০৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে লোকপ্রশাসন বিষয়ে পিএইচ.ডি. লাভ করেন। তিনি এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় পরীক্ষার মেধা তালিকায় তৃতীয় স্থান অধিকার করেন। তিনি বি.সি.এস. ১৯৮২ ব্যাচের সম্মিলিত মেধা তালিকায় চতুর্থ ও প্রশাসন ক্যাডারে প্রথম স্থান অর্জন করেন। ড. রশীদ মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যালাবামায় অবস্থিত আন্তর্জাতিক সার উন্নয়ন কেন্দ্র, ক্যালিফোর্নিয়ার মন্টেরিতে অবস্থিত ‘নেভাল পোস্টগ্রাজুয়েট স্কুল’, সুইডিশ আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা সংস্থা, অ্যাডমিনিস্ট্রিটিভ স্টাফ কলেজ অব ইন্ডিয়া, কৃষি প্রকল্প পরিষেবা কেন্দ্র, কাঠমান্ডু-তে বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

ড. শেখ আব্দুর রশীদ সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, সততা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্বপালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করেন। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য উপদেষ্টা পরিষদ ড. শেখ আব্দুর রশীদ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd